**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-৫৭.১৭.০০০০.৫০৭.৬৩.০৪৮.২৪.০১৫ তারিখ: ০৯-০৪-২০২৫খ্রি.

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর কোয়ালিটি অ্যাসুরেন্স এন্ড ইন্ডাস্ট্রি রিলেশনস বিভাগ কর্তৃক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৮ম পর্বের শিক্ষার্থীদের শিল্প প্রতিষ্ঠান/সংস্থায় এটাচমেন্ট কার্যক্রম যথাযথভাবে সম্পাদন ও কর্মক্ষেত্র উপযোগী দক্ষতা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে শিল্প সংযুক্তি প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকাটি ০৮ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখে অংশীজনদের নিয়ে ভ্যালিডেশন করা হয় । এই নির্দেশিকাটির সঠিক ব্যবহার ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের কোর্স সমাপনীর শেষে অতি দ্রুততার সহিত কর্মক্ষেত্রে অংশগ্রহণ সহজ করবে। ফলে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীরা দেশ ও বিদেশে যথাযথ কর্মক্ষেত্রে অংশগ্রহণপূর্বক মর্যাদাসহ নিজ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা পালন করতে পারবে। তাই শিল্প সংযুক্তি প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকাটি (সংযুক্ত) অনুসরণপূর্বক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৮ম পর্বের শিক্ষার্থীদের শিল্প প্রতিষ্ঠান/সংস্থায় এটাচমেন্ট কার্যক্রম পরিচালনা করার জন্য সকল পলিকেনিক ও মনোটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ১০ পাতা।

**( প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ )**
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২১ (অফিস)
ই-মেইল: chairman@bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০ ৫০৭.৬৩.০৪৮.২৪.০১৫ (০৯) তারিখ: ০৯-০৪-২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪। পরিচালক(প্রশাসন/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৫। সচিব/পরিচালক(কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, সকল পলিকেনিক ও মনোটেকনিক ইন্সটিটিউট।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশ এবং ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। অফিস নথি।

**এস এম শাহজাহান**
উপ-পরিচালক (কোর্স অ্যাক্রিডিটেশন)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৮০(অফিস)

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
**৮/ সি, আগারগাঁও, শেরেবাংলা নগর**
**ঢাকা-১২০৭।**

# শিল্প সংযুক্তি প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকা

(ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম)

প্রকাশক:
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

উন্নয়ন ও তত্ত্বাবধান:
কোয়ালিটি অ্যাসুরেন্স অ্যান্ড ইন্ডাস্ট্রি রিলেশনস বিভাগ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রকাশকাল:
এপ্রিল, ২০২৫ খ্রি.

ভ্যালিডেশন:
০৮ এপ্রিল, ২০২৫ খ্রি.

## ভূমিকা (Introduction)

বাংলাদেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) এর শিক্ষার্থীদের আরও দক্ষ ও শ্রমবাজার উপযোগী করার লক্ষ্যে শিল্প সংযুক্তি প্রশিক্ষণ (Industrial Attachment Training) একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। এই উদ্যোগের মাধ্যমে TVET শিক্ষার্থীরা শিল্প প্রতিষ্ঠানে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পায়, যা তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করে এবং প্রতিযোগিতামূলক শ্রমবাজারে উপযোগী করে গড়ে তোলে।

এই নির্দেশিকা শিল্প সংযুক্তি কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে TVET প্রতিষ্ঠান, শিক্ষার্থী এবং শিল্প-প্রতিষ্ঠানের জন্য একটি কাঠামোগত দিকনির্দেশনা প্রদান করবে। যা শিল্প সংযুক্তির পরিকল্পনা, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য একটি সুস্পষ্ট নির্দেশনা হিসেবে কাজ করবে। যার ফলে শিক্ষার্থীরা শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষতা অর্জন করে সফল ক্যারিয়ার গড়তে সক্ষম হবে।

## যৌক্তিকতা (Rationale)

বাংলাদেশের শিল্প খাতে ক্রমবর্ধমান হারে দক্ষ জনশক্তির প্রয়োজনীয়তা বাড়ছে, কিন্তু অনেক ক্ষেত্রেই TVET শিক্ষার্থীদের শিল্পের চাহিদা মোতাবেক বাস্তব অভিজ্ঞতার অভাব রয়েছে। ফলে, শিক্ষার্থীদের দক্ষতা ও শিল্প প্রতিষ্ঠানের চাহিদার মধ্যে বিশাল ব্যবধান তৈরি হয়েছে।

শিল্প সংযুক্তি এই ব্যবধান কমানোর অন্যতম একটি কার্যকর উপায়, যার সফল বাস্তবায়নে শিক্ষার্থীরা শিল্প প্রতিষ্ঠানের কাজের বাস্তব চিত্র পর্যবেক্ষণ ও কর্ম সম্পাদনের মাধ্যমে অভিজ্ঞতা অর্জন করতে পারে। এছাড়া তারা কারিগরি দক্ষতা বৃদ্ধি, নতুন প্রযুক্তির সাথে পরিচিত এবং কর্মক্ষেত্রের চাহিদা অনুযায়ী নিজেদের প্রস্তুত করতে পারে।
এই নির্দেশিকা তৈরির প্রধান কারণসমূহ হলো:

- ❖ **শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির কাঠামো তৈরি করা:** যাতে শিক্ষার্থীদের বাস্তব কর্মক্ষেত্রের চাহিদা অনুযায়ী দক্ষ করা যায়।
- ❖ **শিল্প ও একাডেমিয়ার মধ্যে সমন্বয় তৈরি করা:** যাতে প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মধ্যে সরাসরি সংযোগ স্থাপন করা যায়।
- ❖ **মানসম্মত শিল্প সংযুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা:** যাতে শিক্ষার্থীদের উপযুক্ত প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করা যায়।
- ❖ **নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করা:** যাতে এই শিল্প সংযুক্তির কার্যকারিতা নিশ্চিত করা যায় এবং ভবিষ্যতে আরও উন্নয়ন করা যায়।

এই নির্দেশিকা বাস্তবায়নের মাধ্যমে TVET শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে, শিল্প খাতে দক্ষ কর্মীর জোগান নিশ্চিত হবে এবং সামগ্রিকভাবে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে।

## লক্ষ্য (Goal)

শিল্প সংযুক্তির মাধ্যমে শিক্ষার্থীদের জন্য বাস্তবভিত্তিক প্রশিক্ষণের সুযোগ তৈরি করা, যাতে তারা দক্ষ হয়ে শিল্প খাতে সফলভাবে প্রবেশ করতে পারে।

## উদ্দেশ্য (Objectives)

- ❖ শিক্ষার্থীদের বাস্তব কর্মসংস্থানের জন্য প্রস্তুত করা।
- ❖ শিল্প ও একাডেমিয়ার মধ্যে কার্যকর সংযোগ স্থাপন।
- ❖ শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করা।
- ❖ প্রশিক্ষণের গুণগতমান নিশ্চিত করতে নিয়মিত মূল্যায়ন পদ্ধতি গড়ে তোলা।

## শিখন ফল (Learning Outcome)

- শিল্প প্রতিষ্ঠানের পরিবেশে কাজ করার যোগ্যতা অর্জন করবে;
- পরিবর্তিত ও নবতর প্রযুক্তির সাথে পরিচিত হবে;
- যন্ত্রপাতি অপারেশন, হ্যান্ডলিং, ওভারহোলিং করতে পারবে;
- নির্মাণ, উৎপাদন, পরিদর্শন, সংযোজন ও সংস্থাপন কাজ তদারক করতে পারবে;
- দপ্তর ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ ও রেকর্ড কিপিং কাজে দক্ষতা অর্জন করবে;
- জরিপ, প্রি-টেন্ডার ও পোস্ট-টেন্ডার কার্যকলাপ সম্পর্কে দক্ষতা অর্জন করবে;
- পরিকল্পনা, ডিজাইন, ড্রয়িং, এস্টিমেটিং এবং মান নিয়ন্ত্রণ কাজে দক্ষতা অর্জন করবে;
- পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সচেতনতা সম্পর্কে দক্ষতা অর্জন করবে;
- শিক্ষা প্রতিষ্ঠানে অর্জিত জ্ঞান-দক্ষতা ও শিল্প কারখানার অর্জিত জ্ঞান-দক্ষতা সাধন ও তুলনা করতে পারবে;
- শ্রমের মর্যাদা প্রতিষ্ঠা ও কাজের প্রতি ইতিবাচক মনোভাব সৃষ্টিতে সক্ষম হবে;
- যোগাযোগ ও আইটি/আইসিটি কাজে দক্ষতা অর্জন করবে এবং
- হাতে কলমে কাজ করার যোগ্যতা অর্জন করবে।

## শিল্প প্রতিষ্ঠান/নিয়োগকারীর ভূমিকা (Role of Industry/Employer)

- ❖ প্রশিক্ষণকালীন উপযুক্ত কাজের পরিবেশ নিশ্চিত করা । শিক্ষার্থীদের বাস্তব কাজের পরিবেশে প্রশিক্ষণ দেওয়া এবং বিভিন্ন প্রকল্প বা উৎপাদন প্রক্রিয়ায় সম্পৃক্ত করা।
- ❖ নির্দিষ্ট টেকনোলজি অনুযায়ী শিক্ষার্থীদের জন্য একটি কাঠামোবদ্ধ প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি করা।
- ❖ শিল্প সংযুক্তিতে নিয়োজিত শিক্ষার্থীদের কার্যক্রম পরিচালনা, তদারকি এবং প্রশিক্ষণ মান নিশ্চিত করার লক্ষে পেশা ভিত্তিক সার্বক্ষনিক প্রশিক্ষক ও সুপারভাইজার নিয়োগ করা;
- ❖ শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা । নির্ধারিত দক্ষতার মানদন্ডের ভিত্তিতে শিক্ষার্থীদের কার্যক্রম পর্যবেক্ষণ ও ফিডব্যাক প্রদান।
- ❖ শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা এবং শ্রম আইন অনুযায়ী তাদের অধিকার সংরক্ষণ করা।
- ❖ শিক্ষার্থীদের কর্মক্ষমতা উন্নয়নের জন্য নিয়মিত কাউন্সেলিং ও পরামর্শ প্রদান।
- ❖ শিক্ষার্থীদের কর্মদক্ষতা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা।
- ❖ TVE ইনস্টিটিউটের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা এবং কর্মসূচির উন্নয়ন নিয়ে আলোচনা করা।
- ❖ নির্দিষ্ট সময় অন্তর ইনস্টিটিউটের কাছে শিক্ষার্থীদের অগ্রগতির রিপোর্ট পাঠানো।
- ❖ প্রশিক্ষণ শেষে মেধাবী শিক্ষার্থীদের জন্য চাকরির সুযোগ সৃষ্টি করা।

## TVE প্রতিষ্ঠানের ভূমিকা (Role of TVE Institute)

- ❖ শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান টেকনোলজি সংশ্লিষ্ট শিল্প/নিয়োগকারী প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করা।
- ❖ প্রশিক্ষণ শুরুর পূর্বে সংশ্লিষ্ট শিল্প/নিয়োগকারী প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের কারিকুলাম বিভাগে প্রেরণ করা।
- ❖ শিল্প প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও সমন্বয় করা।

- ❖ শিল্প সংযুক্তির জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা ও MoU স্বাক্ষর করা।
- ❖ শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য প্রস্তুত করা। শিল্পের চাহিদা অনুযায়ী শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা ও আচরণগত প্রস্তুতির বিষয়ে আলোচনা করা।
- ❖ শিল্পের প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণের কাঠামো নির্ধারণ করা এবং শিক্ষার্থীদের মনোনীত করা ও তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান।
- ❖ শিল্পের প্রয়োজন অনুযায়ী শিক্ষার্থীদের মনোনীত করা ও তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান।
- ❖ শিক্ষার্থীদের অগ্রগতি পর্যবেক্ষণ করা। শিক্ষার্থীরা ঠিকভাবে প্রশিক্ষণ পাচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা ও নিয়মিত পরিদর্শন করা।
- ❖ শিল্প সংযুক্তির সময় শিক্ষার্থীদের যে কোনো সমস্যা হলে তা দ্রুত সমাধান করা।
- ❖ শিক্ষার্থীদের কার্যক্রমের উপর ভিত্তি করে ইন্সটিটিউট নিজস্ব মূল্যায়ন প্রতিবেদন তৈরি করা।
- ❖ শিল্প প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের মতামত সংগ্রহ করে কর্মসূচির মান উন্নয়ন করা।
- ❖ শিল্প প্রশিক্ষণ চলাকালীন ও শেষে শিক্ষার্থীদের দক্ষতা মূল্যায়নের জন্য মানদণ্ড নির্ধারণ করা।

## কারিগরি শিক্ষা বোর্ডের ভূমিকা (Role of BTEB)

- ❖ প্রশিক্ষণের মানদণ্ড নির্ধারণ ও পর্যবেক্ষণ।
- ❖ নির্ধারিত সূচকের ভিত্তিতে কর্মসূচির কার্যকারিতা মূল্যায়ন।
- ❖ শিল্প ও TVE প্রতিষ্ঠানের মতামত সংগ্রহ ও বিশ্লেষণ।
- ❖ ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কার্যক্রম-এ ব্যবহৃত ওয়ার্ক-লগ-বই এর ১০% সংগ্রহ পূর্বক মান যাচাই।
- ❖ নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে কর্মসূচির গুণগতমান মূল্যায়ন।

## ১। শিল্প সংযুক্তি কর্মসূচির কাঠামো (Structure of Industrial Attachment Program)

১.১ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম ৪ (চার) বছর মেয়াদি, যা ৮ (আট) পর্বে বিভক্ত। ৮ম পর্বে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট অনুষ্ঠিত হবে।

১.২ ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ১২ ক্রেডিট এর একটি ব্যবহারিক ধারাবাহিক বিষয় হিসেবে বিবেচিত হবে, যার মোট নম্বর হবে ৬০০। এ এটাচমেন্টের মেয়াদ বা সময়কাল হবে ১(এক) সেমিস্টার বা ১৬ কার্যসপ্তাহ।

১.৩ ১৬ কার্যসপ্তাহ ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট নিম্নবর্ণিত রূপে সম্পন্ন হবে:

| | | | |
|---|---|---|---|
| i. | শিল্প প্রতিষ্ঠান/সংস্থায় এটাচমেন্ট | : | ১২ কার্যসপ্তাহ এবং |
| ii. | ইন্সটিটিউটে প্রশিক্ষণ | : | ৪ কার্যসপ্তাহ |

১.৪ দেশের অর্থনৈতিক কর্মকান্ডের সাথে জড়িত শিল্প কারখানা, সরকারি, আধাসরকারি এবং বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যকলাপের সাথে সরাসরি সম্পৃক্ত থেকে শিক্ষার্থীগণ এ প্রশিক্ষণ গ্রহণ করবে। এক্ষেত্রে কোন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট প্রোগ্রামের জন্য প্রযোজ্য হবে না।

১.৫ শিল্প-কারখানার বা অন্যকোন সংস্থা ও প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট ইন্সটিটিউটের অধ্যক্ষ কর্তৃক নিয়োজিত শিক্ষক যৌথভাবে শিল্প প্রতিষ্ঠান/সংস্থায় ১২ সপ্তাহব্যাপী ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কার্যক্রম পরিচালনা ও মূল্যায়ন করবেন।

১.৬ ইন্সটিটিউটের ৪ কার্যসপ্তাহের প্রশিক্ষণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক তৈরিকৃত সিডিউল অনুযায়ী অধ্যক্ষ কর্তৃক নিয়োজিত শিক্ষকদের তত্ত্বাবধানে পরিচালিত হবে।

১.৭ ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট হতে লব্দ জ্ঞান ব্যবহার করে বাস্তবসম্মত নতুন প্রকল্প তৈরি করা।

## ২। প্রশিক্ষণার্থী এবং তাদের বাধ্যবাধকতা :

২.১ শিক্ষার্থীগণ অবশ্যই ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৭ম পর্ব পরীক্ষায় অবতীর্ণ ছাত্র হতে হবে।

২.২ একজন শিক্ষার্থী ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট / শিল্প সংযুক্তি- এর লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী যথোপযুক্ত জ্ঞান, দক্ষতা ও কর্মকুশলতা অর্জনের জন্য তার সর্বাত্নক প্রচেষ্টা চালিয়ে যাবে এবং তাকে-

২.২.১ তার শিল্প সংযুক্তি এর অংশ হিসেবে যে দায়িত্ব প্রদান করা হবে বা জব করতে বলা হবে তা দায়িত্বশীলতার সাথে সম্পন্ন করতে হবে;

২.২.২ তার প্রশিক্ষণের অংশ হিসেবে প্রতিষ্ঠান কর্তৃক যে নির্দেশনা দেয়া হবে তা তাকে মেনে চলতে হবে;

২.২.৩ প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ম-কানুনের প্রতি আনুগত্য প্রদর্শন করতে হবে;

২.২.৪ প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের যন্ত্রপাতি এবং স্থাপনাসমূহ যত্নের সাথে ব্যবহার করতে হবে;

২.২.৫ প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক বেধে দেয়া কার্য-তালিকা (Working Schedule) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২.২.৬ প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবসা বা উৎপাদন গোপনীয়তা সম্পূর্ণভাবে বজায় রাখতে হবে অর্থাৎ এ গোপনীয়তা কোনভাবেই অন্যের নিকট প্রকাশ করতে পারবেনা এবং

২.২.৭ প্রশিক্ষণ শেষে কারিগরি এবং অন্যান্য বিষয়াদি সম্পর্কে ব্যাখ্যা ও মতামতসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করতে হবে। প্রতিবেদন ধারাবাহিকভাবে যথাসময়ে সম্পন্ন করতে হবে। দৈনিক স্বাক্ষর করার ব্যবস্থা থাকতে হবে।

## ৩। হাজিরা (Attendance):

৩.১ যে শিল্প প্রতিষ্ঠান/সংস্থায় শিক্ষার্থীগণকে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টে পাঠানো হবে সে প্রতিষ্ঠানের প্রতিটি কার্যদিবসে তাদেরকে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক তৈরিকৃত সময় ও কার্যতালিকা অনুসরণ করতে হবে।

৩.২ যদি কোন শিক্ষার্থী স্বাস্থ্যগত বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে একাধিক কার্যদিবসে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টকৃত প্রতিষ্ঠানের কার্যক্রমে অনুপস্থিত থাকে, তবে হাজিরার জন্য নির্ধারিত নম্বর থেকে আনুপাতিক হারে নম্বর কমিয়ে তার উপর নম্বর প্রদান করা হবে। তবে ৮০% এর নিচে হাজিরা থাকলে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে।

৩.৩ যদি কোন নিয়মিত শিক্ষার্থী ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টে অনুত্তীর্ণ হয় বা স্বাস্থ্যগত বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টে অংশ গ্রহণ করতে ব্যর্থ হয়, তবে সে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে নিজ দায়িত্বে এবং নিজ ব্যয়ে অব্যবহিত পরবর্তী সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট গ্রহণ করতে পারবে।

## ৪। শিল্প সংযুক্তি-এ পাঠানো (Placement):

৪.১ শিক্ষার্থীদেরকে বিভিন্ন শিল্প কারখানা, সংস্থা বা প্রতিষ্ঠানে শিল্প সংযুক্তির জন্য পাঠানোর কাজটি সংশ্লিষ্ট ইন্সটিটিউট কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রোগ্রাম ইন্সপেকশন উইং (PIW) ও বোর্ডের কারিকুলাম বিভাগের সহযোগিতায় সম্পন্ন করবে।

৪.২ শিক্ষার্থীগণ শিল্প সংযুক্তি-এ যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ইন্সটিটিউট থেকে অনুমতিপত্র নিয়ে ইন্ডাস্ট্রি/সংস্থায় জমা দিবে।

৪.৩ শিক্ষার্থীদেরকে শিল্প সংযুক্তি-এ পাঠানোর পূর্বে সংশ্লিষ্ট ইন্সটিটিউট কর্তৃপক্ষ শ্রম আইন ও নিরাপত্তা বিধিমালা সম্পর্কে তাদেরকে অবহিত করতে হবে।

৪.৪ যে প্রতিষ্ঠানে শিল্প সংযুক্তি-এর জন্য শিক্ষার্থীদেরকে প্রেরণ করা হবে সে প্রতিষ্ঠানে বিশেষজ্ঞ জনবল এবং কারিগরি সুবিধাদি থাকতে হবে, যাতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট সংক্রান্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জিত হয়। এজন্য-

৪.৪.১ শিল্প সংযুক্তি প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত বিশেষজ্ঞ প্রশিক্ষকের যথেষ্ট কারিগরি জ্ঞান-দক্ষতাসহ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান কৌশল সম্পর্কে জানা থাকতে হবে যাতে তিনি শিক্ষার্থীদেরকে যথাযথভাবে একজন কর্মকুশল ও দক্ষ প্রকৌশলী হিসেবে গড়ে তুলতে পারেন।

৪.৪.২ প্রতিষ্ঠান কর্তৃক কারিগরি সুবিধাদির পর্যাপ্ত ব্যবহার নিশ্চিত করে শিল্প সংযুক্তির ব্যবস্থা করতে হবে।

৪.৫ সংশ্লিষ্ট ইন্সটিটিউটের বিভাগীয় প্রধানগণ শিল্প সংযুক্তি শুরু হওয়ার কমপক্ষে দুই মাস পূর্বেই শিক্ষার্থীদেরকে কোন প্রতিষ্ঠানে শিল্প সংযুক্তির জন্য পাঠানো হবে তা নিশ্চিত করবেন।

৪.৬ যথাসম্ভব ইন্সটিটিউটের নিকটবর্তী শিল্প কারখানা, সংস্থা বা প্রতিষ্ঠানে শিল্প সংযুক্তির ব্যবস্থা করতে হবে।

৪.৭ শিক্ষার্থীদেরকে যে যে প্রতিষ্ঠানে শিল্প সংযুক্তির জন্য পাঠানো হবে তা চূড়ান্ত হয়ে গেলে সংশ্লিষ্ট ইন্সটিটিউট তা লিখিতভাবে কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডকে অবহিত করবে।

৪.৮ একবার শিল্প সংযুক্তির স্থান নির্ধারিত হয়ে গেলে তা পরিবর্তন নিরুৎসাহিত করতে হবে। যদি অনাকাঙ্খিত কোন কারণে কোন শিক্ষার্থীর প্রশিক্ষণস্থান পরিবর্তন করা হয় তবে সংশ্লিষ্ট ইন্সটিটিউট তা তাৎক্ষনিকভাবে পিআইডব্লিউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বোর্ডের কারিকুলাম বিভাগকে অবহিত করবে।

## ৫। শিল্প সংযুক্তির কাঠামো ও বিষয়বস্তু (Structure and Contents):

৫.১ শিল্প সংযুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের কারিগরি সুবিধাদি এবং দৈনন্দিন কার্যকলাপের উপর ভিত্তি করে নিম্নবর্ণিত ক্ষেত্রগুলোতে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের কাঠামো ও বিষয়বস্তু নির্ধারণ করতে হবে, যেমন:-

- শ্রম আইন নিরাপত্তা বিধিমালা
- ব্যবস্থাপনা ও প্রশাসনিক দক্ষতা
- যোগাযোগ দক্ষতা
- সংস্থাপন, উৎপাদন এবং সংযোজন
- মেরামত ও সংরক্ষণ
- হিসাব সংরক্ষণ
- দপ্তর ব্যবস্থাপনা
- রেকর্ড সংরক্ষণ

- পরিকল্পনা, ডিজাইন, ড্রয়িং ও এস্টিমেটিং
- জরিপ
- প্রি-টেন্ডার কার্যকলাপ
- পোস্ট-টেন্ডার কার্যকলাপ
- নির্মাণ কাজে তদারকি
- কোয়ালিটি কন্ট্রোল
- আইটি/আইসিটি ইত্যাদি

৫.২ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে যে ৪ সপ্তাহ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে তার কাঠামো ও বিষয়বস্তু ইন্সটিটিউটের বিদ্যমান সুবিধাদির উপর ভিত্তি করে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে নিম্নবর্ণিত ক্ষেত্রগুলোতে নির্ধারণ করতে হবে-

- শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী টেকনোলজি সংশ্লিষ্ট অকুপেশনে প্রশিক্ষণ
- ইন্সটিটিউটের যন্ত্রপাতি সংরক্ষণ ও মেরামত
- অবকাঠামোগত মেরামত ও সংরক্ষণ
- প্রশিক্ষণ লব্দ জ্ঞান প্রেজেন্টেশন টুলস ব্যবহার করে উপস্থাপন
- পরিবেশগত উন্নয়ন, ইত্যাদি।

## ৬। গুরুত্ব (Weightage):

৬.১ ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ১২ ক্রেডিটের একটি ব্যবহারিক বিষয় হিসেবে বিবেচিত হবে, যার মোট নম্বর হবে ৬০০। উক্ত মোট নম্বরের ব্যবহারিক ধারাবাহিকে ৫০% এবং ব্যবহারিক পর্ব সমাপনীতে ৫০% নম্বর নির্ধারিত থাকবে।

i. ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট এ ব্যবহারিক ধারাবাহিকে ৫০% অর্থাৎ ৩০০ নম্বরের বিভাজন নিম্নে দেখান হল:

| | | | |
|---|---|---|---|
| ক. | দৈনন্দিন কাজ | : | ১৫০ |
| খ. | হাজিরা | : | ৯০ |
| গ. | দৈনন্দিন কাজের রেকর্ড সংরক্ষণ | : | ৬০ |
| | | মোট = | ৩০০ |

হাজিরা : ৯০% বা এর উপর (অনুপাতিক হারে) = ৭০-৯০

৮০-৮৯% (আনুপাতিক হারে) = ৫০-৬৯

৬.২ ১২ কার্যসপ্তাহ শিল্প কারখানায় এটাচমেন্ট শেষে শিক্ষার্থীগণ স্ব স্ব ইন্সটিটিউটে ফিরে আসবে এবং ইন্সটিটিউট কর্তৃপক্ষের তত্বাবধানে ৪ কার্যসপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবে। এই প্রশিক্ষণের দৈনন্দিন কাজের রেকর্ড সংরক্ষণ ও হাজিরা নিশ্চিত করতে হবে।

ii. ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট এ ব্যবহারিক পর্ব সমাপনীতে ৫০% অর্থাৎ ৩০০ নম্বরের বিভাজন নিম্নে দেখান হল:

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন | : | ৫০ |
| খ. | প্রতিবেদন মূল্যায়ন | : | ১০০ |
| গ. | গ্রাজুয়েশন প্রজেক্ট প্রস্তুত ও উপস্থাপন | : | ৭৫ |
| ঘ. | গ্রাজুয়েশন প্রজেক্ট মূল্যায়ন | : | ৭৫ |
| | | মোট = | ৩০০ |

৬.৩ উভয়ক্ষেত্রে শিক্ষার্থীদের অর্জিত জ্ঞান ও দক্ষতা যাচাইয়ের জন্য লিখিত/মৌখিক পরীক্ষা দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/প্রশিক্ষক ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের তত্বাবধানে অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।

## ৭। শিক্ষার্থী মূল্যায়ন (Student Assessment)

৭.১ প্রশিক্ষণার্থীগণ যাতে তাদের দৈনন্দিন কাজের রেকর্ড লিখিতভাবে রাখতে পারে তার জন্য কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ও অনুমোদিত একটি ওয়ার্ক-লগ-বই প্রতিজন শিক্ষার্থীকে সরবরাহ করবে।

৭.২ এ ওয়ার্ক-লগ-বই-এ শিক্ষার্থীগণ তাদের দৈনন্দিন কাজের বিবরণ লিপিবদ্ধ করবে এবং তাতে শিক্ষার্থী নিজে, শিল্প প্রতিষ্ঠান/সংস্থায় নিযুক্ত প্রশিক্ষক/সুপারভাইজার এবং সংশ্লিষ্ট ইন্সটিটিউটের শিক্ষকগণ স্বাক্ষর করবেন। প্রতিজন শিক্ষক ২০ জন শিক্ষার্থীর কার্যকলাপ তদারক করবেন।

৭.৩ ইন্ডাস্ট্রি কর্তৃক নিযুক্ত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট ইন্সটিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক যৌথভাবে ১২ সপ্তাহের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট শেষে শিক্ষার্থীদের ওয়ার্ক-লগ-বই জমা নিবেন এবং একটি নির্দিষ্ট তারিখে মৌখিক/লিখিত পরীক্ষা নিবেন।

৭.৪ নির্ধারিত ৩০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীদের হাজিরা, দৈনন্দিন কাজ, দৈনন্দিন কাজের রেকর্ড, প্রতিবেদন এবং মৌখিক/লিখিত পরীক্ষার ভিত্তিতে মূল্যায়ন করে ওয়ার্ক-লগ-বই- এ তা লিপিবদ্ধ করে সীলসহ উভয়েই স্বাক্ষর দিবেন এবং ওয়ার্ক-লগ-বই গুলো সীলগালা প্যাকেটে সংশ্লিষ্ট ইন্সটিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট হস্তান্তর করবেন।

৭.৫ শিল্প সংযুক্তির জন্য নির্ধারিত ১২ সপ্তাহ শিল্প সংযুক্তি শেষ করে শিক্ষার্থীগণ স্ব-স্ব ইন্সটিটিউটে ফিরে আসবে এবং বোর্ড কর্তৃক চূড়ান্ত মূল্যায়নের জন্য প্রতিজন শিক্ষার্থী ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি দিয়ে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের ফরম পূরণ করবে। এ ব্যাপারে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ বিজ্ঞপ্তি জারি করবে। ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি-এর ৩০% সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রেরণ করতে হবে এবং বাকি ৭০% ইন্সটিটিউট ৪ সপ্তাহব্যাপী ইন্সটিটিউটে প্রশিক্ষণের ব্যয়ভার এবং ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের তদারকি কাজে নিযুক্ত শিক্ষকদের ভ্রমণ ভাতা বহনের জন্য ইন্সটিটিউট কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

৭.৬ নির্ধারিত ৪ কার্যসপ্তাহ ইন্সটিটিউটে প্রশিক্ষণের জন্য প্রতিজন শিক্ষার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ও অনুমোদিত আরো একটি ওয়ার্ক-লগ-বই সরবরাহ করবে।

৭.৭ এই ওয়ার্ক-লগ-বই এ শিক্ষার্থীগণ তাদের দৈনন্দিন কাজের রেকর্ড লিপিবদ্ধ করবে এবং তাতে শিক্ষার্থী নিজে ও দায়িত্ব প্রাপ্ত শিক্ষক স্বাক্ষর করবেন। প্রতিজন শিক্ষক ২০ জন শিক্ষার্থীর কার্যকলাপ তদারক করবেন।

৭.৮ নির্ধারিত ৪ কার্যসপ্তাহ ইন্সটিটিউটে প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীগণ তাদের ওয়ার্ক-লগ-বই দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট জমা দিবে।

৭.৯ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সকল ইন্সটিটিউটে শিক্ষার্থীদের মৌখিক/লিখিত পরীক্ষা গ্রহণের জন্য তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রকাশ করবে এবং উক্ত পরীক্ষায় ইন্সটিটিউট ও শিল্পকারখানা থেকে অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ করবে।

৭.১০ নির্ধারিত তারিখে সকল ইন্সটিটিউটে একযোগে মৌখিক/লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শেষে পরীক্ষকগণ নির্ধারিত ৩০০ নম্বরের মধ্যে হাজিরা দৈনন্দিন কাজ, দৈনন্দিন কাজের রেকর্ড, প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন, গ্রাজুয়েশন প্রজেক্ট প্রস্তুত ও উপস্থাপন এবং মৌখিক/লিখিত পরীক্ষা মূল্যায়ন করে তা ওয়ার্ক-লগ-বই এ লিপিবদ্ধ করবেন।

৭.১১ বোর্ড কর্তৃক নিযুক্ত অনাভ্যন্তরীণ পরীক্ষক, সংশ্লিষ্ট ইন্সটিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক এবং বিভাগীয় প্রধান যৌথভাবে শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের মোট ১৬ সপ্তাহের মূল্যায়নকৃত নম্বর বোর্ড নির্ধারিত নম্বরপত্রে লিপিবদ্ধ করে যৌথ স্বাক্ষরে ৭ দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবরে প্রেরণ করবে।

## ৮। প্রোগ্রাম মনিটরিং এবং মূল্যায়ন (Monitoring & Evaluation)

শিল্প সংযুক্তি/ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কার্যক্রম ঠিক ভাবে চলছে কিনা তা মনিটরিং করার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রোগ্রাম ইন্সপেকশন উইং (PIW) এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিবুলাম বিভাগ কর্তৃক নিযুক্ত প্রতিনিধি এটাচমেন্ট স্থল পরিদর্শন করবেন। পরিদর্শন শেষে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কার্যক্রম এবং শিক্ষার্থীদের পারফরমেন্স সম্পর্কে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বরাবরে লিখিত প্রতিবেদন দাখিল করবেন।

৮.১ শিল্প সংযুক্তি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা তার প্রতিনিধি ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কার্যক্রম মনিটরিং করতে পারবেন। এরুপ ক্ষেত্রে তিনি ওয়ার্ক-লগ-বই এ মতামত লিপিবদ্ধ করে স্বাক্ষর করবেন।

৮.২ ইন্সটিটিউটে ৪ সপ্তাহ এটাচমেন্টের সময় ইন্সটিটিউট প্রধান এবং বিভাগীয় প্রধানগণ প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করবেন।

৮.৩ বোর্ড শিল্প সংযুক্তি/ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের কার্যক্রমের উপর নিয়মিত প্রতিবেদন তৈরি করবেন।

## ৯। আর্থিক সংশ্লেষণ (Monitory involvement):

৯.১ ইন্ডাস্ট্রিতে ১২ সপ্তাহ এটাচমেন্টের জন্য নিম্নবর্ণিত হারে অর্থ বরাদ্দ থাকবে। এই অর্থ কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে সরকার বহন করবে।

- প্রতি শিক্ষার্থী ১২ সপ্তাহ এটাচমেন্ট ভাতা বাবদ : ১২,০০০/-
- শিল্পকারখানায় ১২ সপ্তাহ এটাচমেন্টে প্রতি শিক্ষার্থীর জন্য এটাচমেন্ট তদারকির জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত শিক্ষকের সম্মানী বাবদ : ২০০/-
- ইন্ডাস্ট্রি/সংস্থায় ১২ সপ্তাহ এটাচমেন্টের জন্য শিক্ষার্থী প্রতি কাঁচামাল বাবদ ৩০০ টাকা ও ইন্ডাস্ট্রি/সংস্থা কর্তৃক নিয়োগকৃত তদারকি প্রশিক্ষকের সম্মানী বাবদ ৩০০ টাকা : ৬০০/-
- ইন্সটিটিউট প্রধান/উপাধ্যক্ষ/বিভাগীয় প্রধান/অফিস ও অন্যান্য সংশ্লিষ্ট সাপোর্টিং স্টাফ ১২ সপ্তাহ এটাচমেন্টের জন্য শিক্ষার্থী প্রতি সম্মানী বাবদ : ২০০/-

৯.২ আদায়কৃত ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি থেকে ইন্সটিটিউট কর্তৃক নিযুক্ত প্রশিক্ষকের ভ্রমন ভাতা, এটাচমেন্ট তদারকি ভাতা এবং ইন্সটিটিউটের ৪ কার্যসপ্তাহের প্রশিক্ষণের ব্যয়ভার বহন করা হবে। এ ব্যাপারে বোর্ড পরবর্তীতে একটি নীতিমালা তৈরি করবে।

৯.৩ ইন্সটিটিউট ৪ সপ্তাহ প্রশিক্ষণের সময়কালে শিক্ষার্থীগণ কোন প্রশিক্ষণ ভাতা পাবে না।

৯.৪ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিল্প সংযুক্তি/ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কার্যক্রম প্রতিষ্ঠানসমূহের নিজস্ব অর্থায়নে সম্পন্ন হবে। এ ব্যাপারে বেসরকারি প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় শিল্প সংযুক্তি/ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট কর্মসূচি বাস্তবায়ন করবে। তবে বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট সম্পন্ন করার জন্য সরকারি অর্থায়নের ব্যবস্থা করা প্রয়োজন। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ৯.১ অনুযায়ী বন্টন করতে হবে।

## ১০। সংরক্ষণ :

১০.১ শিল্প সংযুক্তি/ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট বিষয়ক যে কোন সিদ্ধান্ত গ্রহণের অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

১০.২ এ নির্দেশিকার সংযোজন/বিয়োজন/পরিমার্জন এবং ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

********